**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২১ এপ্রিল ২০১৬, ৮ বৈশাখ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দরিদ্রদের শিক্ষা সুবিধা নিশ্চিত করার নির্দেশ প্রধানমন্ত্রীর
২। রিজার্ভ চুরির বিষয়ে অর্থমন্ত্রীর কাছে তদন্ত কমিটির প্রতিবেদন পেশ
৩। বিদেশি বিনিয়োগ বাড়াতে ব্যবসায়ীদের ভূমিকা রাখতে হবে : জাপানে এলজিআরডি মন্ত্রী
৪। বিশটি ওষুধ কোম্পানির লাইসেন্স বাতিলের সুপারিশ সংসদীয় কমিটির
৫। জাতীয় সম্প্রচার আইনের খসড়া প্রকাশ : আইন লঙ্ঘন করলে জেল-জরিমানা
৬। রামপাল বিদ্যুৎ কেন্দ্র হলে ৫০ হাজার মানুষের জীবিকার সংস্থান হবে : পরিদর্শনের পর সংসদীয় কমিটি
৭। বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে দুইধাপ এগিয়েছে বাংলাদেশ
৮। তৃতীয় ধাপে ইউনিয়ন পরিষদের প্রচার-প্রচারণা মধ্যরাতে শেষ : মাঠে নামছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী
৯। ৯ পৌরসভা নির্বাচনের তফসিল ঘোষণা
১০। রংপুরের তারাগঞ্জে দুই বাসের সংঘর্ষে নিহত ১৩
১১। ঢাকার ইসলামপুরে মুয়াজ্জিন খুনের সঙ্গে জড়িত ৪ জন আটক

চলমান পাতা/২

**১। দরিদ্রদের শিক্ষা সুবিধা নিশ্চিত করার নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তিমূলক ও উচ্চশিক্ষার জন্য সরকারের দেওয়া সুযোগ সুবিধা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, এখন অভিভাবকরা তাদের সন্তানদের যথাযথভাবে শিক্ষিত করে তোলার ব্যাপারে সচেতন, তবে আর্থিক সীমাবদ্ধতার কারণে তাদের অনেকেই এই সুযোগ গ্রহণ করতে পারেন না। এ জন্য তাদের পড়াশোনার জন্য সরকারের সব ধরণের সহযোগিতা অব্যাহত থাকবে। প্রধানমন্ত্রী গতকাল ২০ এপ্রিল বুধবার তার তেজগাঁওস্থ কার্যালয়ে ‘প্রধানমন্ত্রীর সহযোগিতা ট্রাস্ট ফান্ডের’ উপদেষ্টা পরিষদের তৃতীয় বৈঠকে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.ক.১), **ইত্তেফাক** ( পৃ.১ ক.৫), **নিউ এজ** (শেষ পৃ. ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ. ক.১)।

**ভোরের কাগজ, ইনকিলাব, অবজারভার, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। রিজার্ভ চুরির বিষয়ে অর্থমন্ত্রীর কাছে তদন্ত কমিটির প্রতিবেদন পেশ**

রিজার্ভ চুরির অন্তর্বর্তীকালীন তদন্ত প্রতিবেদন জমা দিয়েছে ড.ফরাস উদ্দিনের নেতৃত্বাধীন তিন সদস্যের তদন্ত কমিটি। গতকাল ২০ এপ্রিল বুধবার কমিটি এ প্রতিবেদন জমা দেয় বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পরই এ নিয়ে তিনি কথা বলবেন বলেও জানান। এদিকে প্রতিবেদন বস্তুনিষ্ঠ ও তথ্যবহুল বলে দাবি করেছেন ফরাস উদ্দিন। এ বিষয়ে গণমাধ্যমকে জানাতে সরকারকে প্রয়োজনীয় সময় দিতে হবে বলেও মন্তব্য করেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১ ক.৪), **ইত্তেফাক** ( পৃ.১ ক.৫), **নিউ এজ** (পৃ.১ ক.৭), **ডেইলি সান** ( পৃ.১ ক.৬)। **নিউ নেশন, বাংলাদেশ টুডে, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। বিদেশি বিনিয়োগ বাড়াতে ব্যবসায়ীদের ভূমিকা রাখতে হবে : জাপানে এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবার মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, ব্যবসায়ীদের বাংলাদেশের উন্নয়নে এগিয়ে আসা উচিত। বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগে আকৃষ্ট করতে প্রবাসী বাংলাদেশি ব্যবসায়ীদের দূত হিসাবে কাজ করতে হবে। মন্ত্রী জাপানে সরকারি সফরের প্রথম দিন গতকাল ২০ এপ্রিল বুধবার জাপানে বাংলাদেশি ব্যবসায়ীদের সংগঠন বিসিসিআইজে’র নবনির্বাচিত নেতৃবৃন্দদের সাথে মতবিনিময়কালে একথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,৩ ক.৪), **সংবাদ** ( পৃ.১৪ ক.২), **সমকাল**, (পৃ.১২ ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১১ ক.৪)।

**৪। বিশটি ওষুধ কোম্পানির লাইসেন্স বাতিলের সুপারিশ সংসদীয় কমিটির**

জীবন রক্ষাকারী ওষুধ উৎপাদন ও বাজারজাতকরণে ভেজালের আশ্রয় নেওয়া অমার্জনীয় অপরাধ। কিন্তু এ অপরাধ এখনও করেই চলেছে বেশ কয়েকটি ওষুধ কোম্পানি। সম্প্রতি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে জমা দেওয়া বিশেষজ্ঞ কমিটির চূড়ান্ত তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ভেজাল ওষুধ তৈরির অপরাধে ২০টি ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানা গেছে, এসব প্রতিষ্ঠানের মধ্যে কেউ ক্যান্সারের মতো মরণঘাতী ওষুধেও ভেজাল দিচ্ছে। এমনকি বিশ্ব স্বাস্থ্য সংস্থার দিকনির্দেশনা না মেনে তৈরি করা হচ্ছে নিম্নমানের এন্টিবায়োটিক বিশেষজ্ঞ তদন্ত কমিটির প্রতিবেদনে এমন চিত্র উঠে এসেছে। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১ ক.১), **ডেইলি সান** (পৃ.১ ক.৭), **ডেইলি স্টার** (শেষ পৃ. ক.৭), **ইত্তেফাক, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। জাতীয় সম্প্রচার আইনের খসড়া প্রকাশ : আইন লঙ্ঘন করলে জেল-জরিমানা**

জাতীয় সম্প্রচার আইনের বিধিবিধান বা প্রবিধান লঙ্ঘন করলে সর্বোচ্চ তিন মাসের কারাদন্ড, কমপক্ষে পাঁচ লাখ টাকা জরিমানা অথবা উভয় দণ্ড দেওয়া হবে। এরপরও সম্প্রচার আইনে অপরাধ চলতে থাকলে প্রতিদিনের জন্য অপরাধীকে সর্বোচ্চ এক লাখ টাকা জরিমানা দিতে হবে। লাইসেন্স ছাড়া সম্প্রচার মাধ্যম পরিচালনা করলে জরিমানা সর্বোচ্চ ১০ কোটি টাকা থাকছে। জেল-জরিমানা বিধান সংযুক্ত করে ‘জাতীয় সম্প্রচার

আইন-২০১৬’ এর খসড়া প্রকাশ করেছে তথ্য মন্ত্রণালয়। গতকাল ২০ এপ্রিল খসড়াটি তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। আগামী ৪ মে’র মধ্যে খসড়া আইনের ওপর মতামত ও পরামর্শ আহ্বান করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯ ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১ক.২), **ডেইলি স্টার** (পৃ.১ ক.৭), **অবজারভার** (পৃ.৩ ক.৫)।



**৬। রামপাল বিদ্যুৎ কেন্দ্র হলে ৫০ হাজার মানুষের জীবিকার সংস্থান হবে**
**: পরিদর্শনের পর সংসদীয় কমিটি**

সুন্দরবন সংলগ্ন বাগেরহাটের রামপালে বিদ্যুৎ কেন্দ্র স্থাপন হলে ৫০ হাজার মানুষের প্রত্যক্ষ ও পরোক্ষ জীবিকার সংস্থান হবে। সুন্দরবনকে কেন্দ্র করে ঝুঁকিপূর্ণ পেশা থেকে সরে আসবে অনেকে। আর তাতে বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন সুন্দরবনের ওপর থেকে মানুষের চাপ কমবে। বিদ্যুৎ কেন্দ্র এলাকা পরির্দশন করে এ মত প্রকাশ করেছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গত ১৬ থেকে ১৮ এপ্রিল তিনদিন সংসদীয় কমিটির একটি প্রতিনিধি দল রামপালে প্রকল্প এলাকা পরিদর্শনের পর গতকাল ২০ এপ্রিল বুধবার জাতীয় সংসদের মিডিয়া সেন্টারে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ পর্যবেক্ষণ তুলে ধরে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১ ক.৫), **অবজারভার** (পৃ.১ ক.১)
**ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে দুইধাপ এগিয়েছে বাংলাদেশ**

বিশ্ব মুক্ত গণমাধ্যম সূচকে দুই ধাপ এগিয়েছে বাংলাদেশ। সূচকে বাংলাদেশের অবস্থান ১৪৪তম । ২০১৫ ও ২০১৪ সালে বাংলাদেশের অবস্থান ছিল ১৪৬তম। বিশ্বের ১৮০টি দেশের গণমাধ্যম পর্যালোচনা করে এ প্রতিবেদন প্রকাশ করেছে বিশ্বজুড়ে গণমাধ্যমের স্বাধীনতা নিয়ে কাজ করা ফ্রান্সভিত্তিক সংগঠন রিপোর্টার্স উইদাউট বর্ডারস। সূচকে এবার বাংলাদেশের স্কোর ৪৫ দশমিক ৯৪ যা ২০১৪ ও ২০১৫ সালে ছিল যথাক্রমে ৪২ দশমিক ৫৮ ও ৪২ দশমিক ৯৫। সূত্র-**সংবাদ** (পৃ.১ ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২ ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ. ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.ক.১)।

**৮। তৃতীয় ধাপে ইউনিয়ন পরিষদের প্রচার-প্রচারণা মধ্যরাতে শেষ**
**: মাঠে নামছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী**

তৃতীয় ধাপে দেশের ৬২০টি ইউনিয়ন পরিষদে ভোট হবে আগামী ২৩ এপ্রিল শনিবার। গত ৭ এপ্রিল থেকে চলা প্রচার-প্রচারণা বন্ধ হচ্ছে আজ বৃহস্পতিবার রাত ১২টায়। সেই সঙ্গে নির্বাচনী এলাকায় মোটরসাইকেল চলাচলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। নামছে আইনশৃঙ্খলা বাহিনী। থাকছে নির্বাহী ও জুড়িশিয়াল ম্যাজিট্রেট এবং ভ্রাম্যমান আদালত। নির্বাচন আচরণবিধি অনুযায়ী, ভোটগ্রহণ শুরুর ৩২ ঘন্টা আগে প্রার্থী ও তাদের সমর্থকদের যে কোনো নির্বাচনী প্রচাররণা বন্ধ করার বিধান রয়েছেন। আগামী শনিবার সকাল ৮ টা থেকে নির্বাচনের ভোটগ্রহণ শুরু হবে। সে কারণে আজ বৃহস্পতিবার ২১ এপ্রিল মধ্যরাত ১২টায় পরেই সব ধরণের প্রচারণা বন্ধ করতে হবে বলে নির্বাচন কমিশন সূত্র জানায়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১ ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ. ক.৫), **নিউ এজ** (শেষ পৃ. ক.৬), **ডেইলি সান** ( পৃ.১ ক.২)।

**৯। ৯ পৌরসভা নির্বাচনের তফসিল ঘোষণা**

তৃতীয় দফায় নির্বাচনের জন্য ৯ পৌরসভার তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন। ঘোষিত তফসিল অনুযায়ী এসব পৌরসভায় আগামী ২৫ মে ভোট গ্রহণ করা হবে। আগ্রহী প্রার্থীদের ২৮ এপ্রিল বৃহস্পতিবারের মধ্যে রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র দাখিল করতে হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ৯ মে সোমবার। গতকাল ২০ এপ্রিল বুধবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে নির্বাচন কমিশন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১ ক.৮), **প্রথম আলো** (পৃ.৪ ক.৮) **ডেইলি সান** (শেষ পৃ. ক.৮), **নিউ এজ** (শেষ পৃ. ক.৭)।

**১০। রংপুরের তারাগঞ্জে দুই বাসের সংঘর্ষে নিহত ১৩**

রংপুরের তারাগঞ্জে দুটি বাসের মধ্যে সংঘর্ষে **১৩** জন নিহত হয়েছে। এ ঘটনায় আহত হয়েছে কমপক্ষে ৬৫ যাত্রী। গতকাল ২০ এপ্রিল বুধবার সকাল সাড়ে ১০টায় তারাগঞ্জ উপজেলার ইকরচালী ইউনিয়নের জগদীশপুর গ্রামের তেরমাইল নামক স্থানে রংপুর-দিনাজপুর মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। আহতদের রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ও তারাগঞ্জে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১ ক.২), **জনকণ্ঠ** (পৃ.১ ক.৭), **ডেইলি সান** (পৃ.১ ক.৭), **ডেইলি স্টার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



**১১. ঢাকার ইসলামপুরে মুয়াজ্জিন খুনের সঙ্গে জড়িত ৪ জন আটক**

ঢাকার ইসলামপুরের জব্বু খানম জামে মসজিদের টাকার নিয়ন্ত্রন হাতিয়ে নেওয়ার জন্যই মুয়াজ্জিন বিল্লাল হোসেনকে হত্যা করা হয়েছে। কেরানীগঞ্জের একটি মসজিদে বসে এই খুনের পরিকল্পনা করা হয়। মসজিদের খাদেম ও দ্বিতীয় মুয়াজ্জিনসহ ৫ জনই ঘটনার সঙ্গে জড়িত রয়েছেন। এদের মধ্যে ৪ জনকে গ্রেফতার করা হয়েছে। এর মধ্যে হত্যাকাণ্ডের পরিকল্পনাকারী রয়েছেন বলে পুলিশ বলেছে। গতকাল ২০ এপ্রিল বুধবার ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে লালবাগ বিভাগের উপ-কমিশনার মো. মফিজ উদ্দিন এসব তথ্য জানান। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১ ক.৮), **ডেইলি সান** (পৃ.৩ ক.৪), **নিউ এজ** (পৃ. ৩ ক.২) ।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো :** ইউনিয়ন পরিষদ নির্বাচনে নারী প্রার্থীর সংখ্যা কম হওয়াকে রাজনীতির তীব্র পশ্চাৎপদতারই প্রমাণ উল্লেখ করে নারীদের স্বার্থ রক্ষা করতে নারী প্রতিনিধিত্ব বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক, সংবাদ :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীর সংখ্যা বাড়ার অনুপাতে তাদের আবাসন সুবিধা না বাড়ায় তারা চরম ভোগান্তি ও দুর্ভোগ পোহাচ্ছে উল্লেখ করে ছাত্রীরা যাতে নিরাপদ ও নির্বিঘ্নে লেখাপড়া চালিয়ে যেতে পারে এ জন্য তাদের আবাসিক সংকট মোকাবিলায় সরকারকে আন্তরিকভাবে এগিয়ে আসার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** আসন্ন বাজেটে যুগোপযোগী প্রত্যক্ষ ও পরোক্ষ কর বিন্যাস করা হলে করের আওতা যেমন বাড়বে, তেমনি করমুক্ত আয়ের সীমাও বাড়বে বলে মত প্রকাশ।

ঘ. **সংবাদ :** দেশে বিদ্যুৎ চাহিদার চেয়ে বেশি উৎপাদন হওয়া সত্ত্বে শুধুমাত্র বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ দুর্বলতার কারণে অনেক স্থানে লোডশেডিং হওয়ায় এ দুর্বলতা দূর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** রাজধানীর কদমতলীতে কোনো প্রাকৃতিক দুর্যোগ ছাড়াই একটি ভবন অন্য একটি ভবনের ওপর হেলে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ধরণের ভবন যথাযথ নিয়ম মেনে তৈরি করা হয়েছে কিনা সে ব্যাপারে তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বরোপ।

চ. **নিউ নেশন :** অধিক জনবহুল রাজধানীর ফুটপাত দখলে থাকার সমস্যা ছাড়াও যানজট, পানি সমস্যা ইত্যাদি নানাবিধ সমস্যা সমাধানে সিটি করপোরেশনের মেয়রদের দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ছ. **বাংলাদেশ টুডে :** দেশের প্রবীণদের নিরাপদ ও নিশ্চিন্ত জীবন নিশ্চিত করতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

জ.	**ফিনানশিয়াল এক্সপ্রেস :** বেসরকারি হাসপাতালেও যাতে দরিদ্র রোগী বিনামূল্যে চিকিৎসা সেবা পায় সে ব্যাপারে উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে পহেলা বৈশাখের মতো ধর্ম নিরপেক্ষ অনুষ্ঠানগুলোতে মানুষের উপস্থিতি যতো বাড়বে দেশ ততই উগ্রবাদ, জঙ্গিবাদ বিপদমুক্ত হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'শুনতে কি পান হাওয়ারে কান্না'** শিরোনামের নিবন্ধে এসএম মুকুল হাওরাঞ্চলের অবস্থা, প্রকৃতির ধরন, অবকাঠামোর বৈশিষ্ট্য নিরূপণ করে শিক্ষা ও স্বাস্থ্যসেবার স্থায়ী অবকাঠামোগত ব্যবস্থা এবং ভাসমান ভ্রাম্যমান চিকিৎসা কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা